27

দৈনিক ইত্তেফাক

তারিখ 26 MAY 1993
পৃষ্ঠা ৭ কলাম ৭

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট

কৃষি বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ।। গতকাল মঙ্গলবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ এবং অধিকাংশ সাময়িক পরীক্ষা দুপুর ১২টা পর্যন্ত বন্ধ ছিল। গত সোমবার জয়দেবপুরস্থ ধান গবেষণা ইনষ্টিটিউটে কৃষিবিদ চাকুরী প্রার্থীদের উপর হামলার প্রতিবাদে কৃষিবিদরা কৃষি বিশ্ব-

(১১শ পৃ: ৩-এর ক: দ্র:)

## কৃষি বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

বিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহ্বান করে। কৃষি বিশ্ববিদ্যালয়ের বিক্ষুব্ধ ছাত্ররা গতকাল কৃষি বিশ্ববিদ্যালয়ের নিকটে ঢাকা-দিনাজপুর আন্তঃনগর তিস্তা ট্রেন দুই ঘন্টা আটকাইয়া রাখে। কৃষিবিদদের প্রহারের প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল হয়। মিছিল শেষে আমতলায় এক প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন বাকসুর জিএস শাহাদাৎ হোসেন চঞ্চল, মোস্তফা কামাল, জাকির হোসেন, আলতাফ হোসেন, রেজাউন নবী ও লিয়াকত আলী। বক্তারা ধান গবেষণা ইনষ্টিটিউটের মহাপরিচালকের অপসারণ, কৃষি সেক্টরে অকৃষিবিদদের নিয়োগ বন্ধ, বেকার কৃষিবিদদের বিভিন্ন শূন্যপদে নিয়োগের দাবী জানান।